তারিখ 16 AUG 2017
পৃষ্ঠা ৪ কলাম ৪

সংবাদ

-সংবাদ

# জাবিতে যথাযথ মর্যাদায় জাতীয় শোক দিবস পালিত

প্রতিনিধি, জাবি

জাহাঙ্গীরনগর বিশ্ববিদ্যালয়ে (জাবি) যথাযথ মর্যাদায় পালিত হয়েছে জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের ৪২তম শাহাদতবার্ষিকী ও জাতীয় শোক দিবস।

গতকাল সকাল দশটায় বিশ্ববিদ্যালয়ের উপাচার্যের নেতৃত্বে কেন্দ্রীয় শহীদ মিনারের সম্মুখ থেকে শোক র‍্যালি শুরু হয়ে বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান হলে গিয়ে শেষ হয়। পরবর্তীতে বঙ্গবন্ধুর প্রতিকৃতিতে শ্রদ্ধাঞ্জলি নিবেদন করা হয়। এর আগে সকাল সাড়ে নয়টায় উপাচার্য বঙ্গমাতা বেগম ফজিলাতুন্নেছা মুজিব হলের সামনে স্থাপিত বঙ্গমাতার প্রতিকৃতিতে শ্রদ্ধাঞ্জলি নিবেদন করেন। এ সময় উপাচার্যের সঙ্গে উপ-উপাচার্য (শিক্ষা) অধ্যাপক ড. মো. আবুল হোসেন, উপ-উপাচার্য (প্রশাসন) অধ্যাপক ড. আমির হোসেন, কোষাধ্যক্ষ অধ্যাপক শেখ মনজুরুল হক, বিভিন্ন অনুষদের ডিন, রেজিস্ট্রার, হল প্রভোস্ট, বিভাগীয় চেয়ারম্যান, শিক্ষক, কর্মকর্তা, কর্মচারী ও ছাত্রছাত্রীগণ উপস্থিত ছিলেন।

এদিকে দিবসটি উপলক্ষে সকাল নয়টায় বিশ্ববিদ্যালয়ের পুরাতন কলাভবন চত্বরে শিশুদের চিত্রাঙ্কন প্রতিযোগিতা অনুষ্ঠিত হয়।

অন্যদিকে বিশ্ববিদ্যালয়ের বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান হলের আয়োজনে সন্ধ্যা ৭টার দিকে শিক্ষার্থীদের অংশগ্রহণে 'বঙ্গবন্ধু ও তার স্বপ্ন' শীর্ষক উপস্থিত বক্তৃতা অনুষ্ঠিত হবে। এছাড়াও রাত ৮টায় মোমবাতি প্রজ্বলনের মধ্য দিয়ে ১৫ আগস্টের শহীদদের প্রতি শ্রদ্ধা নিবেদন। পরে বঙ্গবন্ধুর অসমাপ্ত আত্মজীবনীর ওপর প্রশ্নোত্তর পর্ব ও 'বঙ্গবন্ধুর আদর্শ ও রাজনৈতিক দর্শন' শীর্ষক আলোচনা সভা অনুষ্ঠানের আয়োজন করা হয়েছে।